

এইচএসসির ফল প্রকাশ আজ, জানা যাবে যেতাবে

অনলাইন ডেঙ্ক

২৬ নভেম্বর,
২০২৩ ০৮:৫৮

শেয়ার

অ +

অ -



ফলাফলের অপেক্ষায় শিক্ষার্থীরা। সংগৃহীত ছবি

এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে **আজ রবিবার**। রেওয়াজ অনুযায়ী, আজ সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফল হস্তান্তর করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এরপর শিক্ষার্থীরা একযোগে পরীক্ষার ফলাফল

পাবে। এ বছর সাধারণ ৯টি শিক্ষা বোর্ড, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডসহ ১১টি বোর্ডের অধীনে সাতে পঞ্চাশের বেশি শিক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ আন্তঃশিক্ষা সমন্বয় শিক্ষা বোর্ড সুত্রে জানা যায়, রবিবার সকাল ১০টায় এইচএসসির ফলাফল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর আনুষ্ঠানিকভাবে **ফল ঘোষণার** সারসংক্ষেপ নিয়ে সংবাদ সম্মেলন করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

বেলা ১১টায় এই ফলাফল নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশ করা হবে।

শিক্ষাপ্রতিষ্ঠানগুলো নিজ নিজ ইআইআইএন (প্রতিষ্ঠানের নম্বর) ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটে গিয়ে ফলাফল তালিকা ডাউনলোড করতে পারবে।

শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের নোটিশ বোর্ড, প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও মোবাইলে খুদে বার্তা পাঠানোর মাধ্যমে ফলাফল জানতে পারবে। এসএমএসের মাধ্যমে ফল পেতে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে ইংরেজি অক্ষরে এইচএসসি লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে পাসের বছর লিখতে হবে। এরপর ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।

যেমন ঢাকা বোর্ডের ক্ষেত্রে—HSC Dha Roll 123456 2023 লিখে নির্ধারিত নম্বরে খুদে বার্তা পাঠাতে হবে।

সঙ্গে সঙ্গেই ফিরতি এসএমএসে ফল জানিয়ে দেওয়া হবে।

অন্যদিকে ওয়েবসাইটের মাধ্যমে ফলাফল জানতে শিক্ষার্থীকে

প্রথমে <http://www.educationboardresults.gov.bd> এই ওয়েবসাইটে প্রবেশ করতে হবে। সেখানে থাকা

ফলাফল অপশনে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সার্বাধিক করলেই শিক্ষার্থী তার রেজাল্ট শিট দেখতে পাবে।